“জানাযাকে দ্রুত নিয়ে যাও, কেননা যদি সে নেককার হয় তবে তোমরা তাকে তার কল্যাণের দিকে দ্রুত পৌঁছে দিবে। আর যদি সে ভিন্ন কিছু হয় তবে তোমরা একটা অকল্যাণ তোমাদের ঘাড় (দায়িত্বভার) থেকে দ্রুত নামিয়ে দিলে।”

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত, তিনি বলেন: “জানাযাকে দ্রুত নিয়ে যাও, কেননা যদি সে নেককার হয় তবে তোমরা
তাকে তার কল্যাণের দিকে দ্রুত পৌঁছে দিবে। আর যদি সে ভিন্ন কিছু হয় তবে তোমরা একটা অকল্যাণ তোমাদের ঘাড় (দায়িত্বভার) থেকে দ্রুত নামিয়ে দিলে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্রুত জানাজার প্রস্তুতি নিতে, জানাজার সালাত পড়তে এবং যত তাড়াতাড়ি সম্ভব দাফন করতে নির্দেশ দিয়েছেন। যদি জানাজা ভালো হয়, তাহলে এটা ভালো যে তুমি তাকে কবরের নিআমতের কাছে এগিয়ে দিচ্ছ আর যদি তা ভিন্ন কিছু হয়, তাহলে এটা একটা মন্দ যা তোমরা তোমার ঘাড় থেকে সরিয়ে ফেলছো।

https://sunnah.global/hadeeth/bn/show/3109